



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



অধ্যক্ষের কার্যালয়
রাজশাহী সরকারি মহিলা কলেজ
রাজশাহী পার্বত্য জেলা।



তারিখ : ১৫.০৭.২০২১ খ্রি.

বিজ্ঞপ্তি

অত্র কলেজে ডিগ্রী (পাস) কোর্সে অধ্যয়নরত শিক্ষার্থীদেরকে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ এর টিকা সংক্রান্ত তথ্যাদি পাঠানোর জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের (http://103.113.200.29/student_covidinfo/) লিংকে প্রবেশ করে তথ্য ছক পূরণ পূর্বক সাবমিট (Submit) করার জন্য নির্দেশ দেয়া গেল। জাতীয় বিশ্ববিদ্যালয় প্রদত্ত শিক্ষার্থীর ডিগ্রীর রেজিস্ট্রেশন নম্বর দিয়ে Next অপশনে ক্লিক করলে নিজ নিজ তথ্য ফরম পাওয়া যাবে। উক্ত তথ্য ফরমে জাতীয় পরিচয়পত্র নম্বর (NID), মোবাইল নম্বর ও অন্যান্য তথ্যাদি ইনপুট দিয়ে (Submit) অপশনে ক্লিক করে সাবমিট করার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে।

বিষয়টি অতীব জরুরী।

(প্রফেসর মোঃ এনামুল হক খোন্দকার)

আইডি নং-৯৬৭৭

অধ্যক্ষ

রাজশাহী সরকারি মহিলা কলেজ

রাজশাহী পার্বত্য জেলা।



তারিখ: ১৩ জুলাই, ২০২১

সংবাদ বিজ্ঞপ্তি
এন ইউ'র শিক্ষার্থীদের কোভিড-১৯ এর
টিকা সংক্রান্ত তথ্য পাঠানোর সময়সীমা বৃদ্ধি

বৈশ্বিক মহামারী কোভিড-১৯ এর সংক্রমণরোধ ও স্বাস্থ্যঝুঁকি এড়াতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল কলেজ/শিক্ষাপ্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থীদের কোভিড-১৯ এর টিকা সংক্রান্ত তথ্য পাঠানোর সময়সীমা বৃদ্ধি করা হয়েছে। আগামী ১৯ জুলাইয়ের মধ্যে টিকা সংক্রান্ত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ে পাঠানোর নতুন সময় নির্ধারণ করা হয়েছে। সকল শিক্ষার্থীকে টিকা কার্যক্রমের আওতায় আনার লক্ষ্যে ১২ জুলাই থেকে এক সপ্তাহ সময় বাড়ানোর সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

নতুন নির্ধারিত সময়সীমা অনুযায়ী আগামী ১৯ জুলাইয়ের মধ্যে এই লিংকে (http://103.113.200.29/student_covidinfo/) প্রবেশ করে তথ্যছক পূরণ করে সাবমিট করার জন্য শিক্ষার্থীদের আহ্বান জানিয়েছেন জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। বিষয়টি জাতীয় জনগুরুত্বপূর্ণ ও জনস্বাস্থ্য সম্পর্কিত জরুরি বিবেচনায় অধিভুক্ত কলেজের অধ্যক্ষবৃন্দকে স্ব স্ব কলেজের তথ্যছক পূরণ নিশ্চিত করার লক্ষ্যে অনুরোধ করা হয়েছে।

(মোঃ ফয়জুল করিম)
পরিচালক (ভারপ্রাপ্ত)
জনসংযোগ দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়।